

অমন আড়াল দিয়ে লুকিয়ে গেলে চলবে না ।
 এবার হৃদয়-মাঝে লুকিয়ে বোসো, কেউ জানবে না, কেউ বলবে না ॥
 বিশ্বে তোমার লুকোচুরি, দেশ-বিদেশে কতই ঘুরি -
 এবার বলো, আমার মনের কোণে দেবে ধরা, ছলবে না ॥
 জানি আমার কঠিন হৃদয় চরণ রাখার যোগ্য সে নয় -
 সখা, তোমার হাওয়া লাগলে হিয়ায় তবু কি প্রাণ গলবে না ?
 নাহয় আমার নাই সাধনা - ঝরলে তোমার কুপার কণা
 তখন নিমেষে কি ফুটবে না ফুল, চকিতে ফল ফলবে না ?।

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Mishra Touri

Visit www.geetabitan.com for notation and other detail